## উপজেলা পরিষদ কার্যালয়
## বোরহানউদ্দিন, ভোলা।

### বোরহানউদ্দিন উপজেলা পরিষদের ৩০ নভেম্বর-২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : আবুল কালাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বোরহানউদ্দিন, ভোলা।
তারিখ : ৩০ নভেম্বর, ২০২১ খ্রি. রোজ: মঙ্গলবার, সকাল: ১১:০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যগণের হাজিরা আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ আছে**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার মন্তব্য পাঠ করে শুনানো হলে কোনো সংশোধনী বা আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। পরবর্তীতে উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকন্ড নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, করোনার প্রকোক থেকে রক্ষার জন্য উপজেলা স্বাস্থ্য বিভাগ টিকা কার্যক্রম সফলতার সাথে এগিয়ে নিচ্ছে। বর্তমানে বোরহানউদ্দিন উপজেলায় কোভিড-১৯ এ আক্রান্ত কোনো রোগী নেই। বোরহানউদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে শুধুমাত্র শুক্রবার ব্যতীত প্রতিদিন টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য তিনি অনুরোধ জানান। | ক. ১৮ বছর বা তদূর্ধ্ব নাগরিকদের মধ্যে এখনও যারা করোনা টিকা গ্রহণ করেননি তাদেরকে টিকা রেজিস্ট্রেশনের মাধ্যমে টিকা গ্রহণে উদ্বুদ্ধ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ২. | **উপজেলা কৃষি বিভাগ**<br>উপজেলা কৃষি অফিসার জানান, এবছর আমন ধানের ৫-৭টি নতুন আধুনিক জাতের সম্প্রসারণ করা হয়েছে। তন্মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে উপকূলীয় এলাকার জন্য লবণাক্ততা সহিষ্ণু ৭২, ৭৫ ও ৭৮ জাতের ধানের আবাদ ব্যাপকভাবে বাড়ানো হয়েছে। পূর্বে নতুন কোন জান উদ্ভাবন হলে তা কৃষকের হাতে পৌঁছতে ১৫ বছর সময় লেগে যেত। এখন সাথে সাথে দেয়া হয়। এছাড়া উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম স্বভাবিকভাবে চলমান। | ক. বোরহানউদ্দিন উপজেলায় ধান উৎপাদনের ধারাবাহিকতা অব্যহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| ৩. | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে,<br>(ক) সম্প্রসারিত উপজেলা কমপ্লেক্স প্রশাসনিক ভবনে কার্যক্রম শুরু করার পর বর্তমান কনফারেন্স কক্ষ (৪র্থ তলা) পূর্বের তুলনায় অনেক লম্বা হওয়ায় এবং অনেকগুলো চেয়ার ব্যবহারের অনুপযোগী হওয়ায় অতিরিক্ত প্রায় ২০টি উন্নতমানের চেয়ার প্রয়োজন বলে উল্লেখ করেন। এছাড়া উপজেলা পরিষদের চেয়ারম্যান এর কক্ষের ব্যবহৃত সোফা সেট অত্যন্ত জীর্ণ ও বসার অনুপযোগি হওয়ায় নতুন সোফা সেট প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে,<br>(খ) উপজেলা পরিষদের প্রাক্তন প্রশাসনিক ভবনে বর্তমানে অনেক কর্মকর্তার দপ্তর স্থানান্তরিত হবে বিধায় এ সকল অফিসের মেরামত ও রংকরণ প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর | (ক) সভায় সম্প্রসারিত উপজেলা কমপ্লেক্সের নতুন ভবনের কনফারেন্স কক্ষের জন্য ২০টি চেয়ার, উপজেলা পরিষদের চেয়ারম্যান এর কার্যালয়ের জন্য টি-টেবিলসহ একসেট সোফা (৫টি চেয়ার) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নতুন আসবাবপত্র ক্রয় খাত হতে কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) উপজেলা পরিষদের প্রাক্তন প্রশাসনিক ভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের রংকরণ ও মেরামতের কাজের জন্য কাজ কোটেশনের মাধ্যমে উপজেলা পরিষদের রাজস্ব | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. উপজেলা প্রকৌশলী |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | বাইররে অংশ কয়েক বছর রং করা হয় না এবং বাংলোর বেশ কিছু জায়গায় মেরামত প্রয়োজন। উভয় বিষয় উপজেলা পরিষদের ভবন ও বাসাবাড়ি মেরামত খাতের আওতায় অর্থ বরাদ্দ দেয়া হলে কাজ শুরু করা যায়।<br><br>(গ) উপজেলার প্রাক্তন প্রশাসনিক ভবনের পানির পাইপ অকেজো হওয়ায় পাইপ লাইন মেরামত, পানির ট্যাংক পরিস্কারকরণ এবং উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার টয়লেটে স্যানিটারি কাজ বাবদ ব্যয়িত ২২,৪৫০/- (বাইশ হাজার চারশত পঞ্চাশ) টাকার বিল ভাউচার উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপত্যাশিত খাতের অত্যাবশ্যকীয় স্থাপনা মেরামত খাত হতে প্রদানের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী সভায় উপস্থাপন করেন। | তহবিলের অর্থায়নে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) উপজেলার প্রাক্তন প্রশাসনিক ভবনের পানির পাইপ অকেজো হওয়ায় পাইপ লাইন মেরামত, পানির ট্যাংক পরিস্কারকরণ এবং উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার টয়লেটে স্যানিটারি কাজ বাবদ ব্যয়িত ২২,৪৫০/- (বাইশ হাজার চারশত পঞ্চাশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপত্যাশিত খাতের অত্যাবশ্যকীয় স্থাপনা মেরামত খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪. | **উপজেলা মৎস্য দপ্তর**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, জাটকা ইলিশ সংরক্ষণের লক্ষ্যে জাটকা নিধন বন্ধকরণ এবং অবৈধ জাল উচ্ছেদ এবং নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা জোরদার করার জন্য অনুরোধ করেন। | ক. জাটকা নিধন বন্ধকরণ এবং অবৈধ জাল উচ্ছেদ এর জন্য নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. সহকারী কমিশনার (ভূমি)<br>৩. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর**<br>উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, 'সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ' শীর্ষক প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরে বরাদ্দকৃত ২৩৪টি গভীর নলকূপের মধ্যে ২০২টি নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট কাজ চলমান রয়েছে। এই প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছরে ২৩৪টি গভীর নলকূপ এবং ১৮টি কমিউনিটি বেইজড পানি সরবরাহ ইউনিট এর ইতিমধ্যে বরাদ্দ পাওয়া গিয়েছে বিধায় অনতিবিলম্বে স্থান তালিকা সরবরাহের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়াও উক্ত প্রকল্পের আওতায় ১টি রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম এর বরাদ্দ পাওয়া গিয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক. 'সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ' শীর্ষক প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরে যে ৩২টি গভীর নলকূপ স্থাপন করা হয়নি তা জরুরি ভিত্তিতে স্থাপন করতে হবে;<br>খ. ২০২১-২২ অর্থবছরে 'সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ' শীর্ষক প্রকল্পের আওতায় বরাদ্দকৃত ২৩৪টি গভীর নলকূপ এবং কমিউনিটি বেইজড পানি সরবরাহ ইউনিট কর্তৃক ১৮টি সহ মোট ২৫২টি নলকূপ স্থাপনের লক্ষ্যে জরুরি ভিত্তিতে স্থান নির্বাচন করে তালিক প্রস্তুত করতে হবে। | ১. উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>২. চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ৬ | **উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বার বার তাগিদ দেওয়া সত্বেও ঋণ আদয়ের হার খুবই কম। এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেল পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>২. ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, ২৪ নভেম্বর থেকে ৬ষ্ঠ হতে নবম শ্রেণি পর্যন্ত বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। ৩০ নভেম্বর ২০২১ তারিখ উক্ত পরীক্ষা শেষ হবে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | সকল মাধ্যমিক/ সমমান স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি অনুসরণ ব্যবস্থা করতে হবে এবং শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনের সংখ্যা বৃদ্ধি করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ৮. | **প্রাথমিক শিক্ষা বিভাগ**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, করোনার প্রাদুর্ভাবের কারণে অনেক দিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ | ক. করোনা পরবর্তী সময়ে স্কুলগামী মেয়েদের ড্রপআউট হয়ে যাওয়ার বিষয়ে বিশেষভাবে | ১. উপজেলা শিক্ষা অফিসার<br>২. প্রধান শিক্ষক (সকল) |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | থাকায় মেয়েদের ড্রপআউট হওয়ার সম্ভাবনা রয়েছে। বিদ্যালয় পরিদর্শনের সময় মেয়ে শিক্ষার্থীদের ড্রপআউট দেখতে হবে। বাল্যবিবাহ রোধে সকল শিক্ষকগণকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সকল ছাত্রীদের নিয়মিত খোঁজ-খবর রাখতে হবে। উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, ড্রপআইট শিক্ষার্থীর সংখ্যা খুব কম। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | তদারকি করতে হবে;<br>খ. বাল্যবিবাহ রোধে প্রাথমিক স্তরের সকল শিক্ষকগণ সকল শিক্ষার্থী ও অভিভাবকদের সচেতনতামূলক উপদেশ প্রদান করতে হবে;<br>গ. দাপ্তরিক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। | |
| ৯ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে এবং প্রজেকশন অনুযায়ী মাঠ কর্মীদের কাজের অগ্রগতি সন্তোষজনক। এছাড়া, ২৬ জনকে অস্থায়ী দীর্ঘমেয়াদী জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি (ইমপ্ল্যান্ট), ১১ জনকে অস্থায়ী দীর্ঘমেয়াদী জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি (IUD) এবং ০৩ জনকে স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি সেবা প্রদান করা হয়েছে। | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে এবং সরকারি নির্দেশনা সঠিকভাবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০ | **উপজেলা সমাজসেবা দপ্তর:**<br>উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সকল ভাতাভোগীদের টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হচ্ছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | ক. সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ভাতাভোগীরা যাতে বিনা হয়রানিতে ভাতা উত্তোলন করতে পারেন সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং সাধারণ মানুষের হয়রানি বন্ধের বিষয়ে উপজেলা পর্যায়ে তদারকি আরো বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা অফিসার<br>২. চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ১১ | **উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, ১লা নভেম্বর যথাযোগ্য মর্যাদায় জাতীয় যুব দিবস উদ্‌যাপিত হয়েছে। সার্বিক সহযোগিতার জন্য তিনি উপজেলা সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি জানান, বিভিন্ন ক্যাটাগরিতে যুবক-যুবতিদের প্রশিক্ষণ এবং ঋণ বিতরণ কার্যক্রম চলছে। অত্র দপ্তরের ঋণ বিতরণ ও আদায়ের হার ১০০% এবং অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হচ্ছে। | ক. আত্মকর্মসংস্থা সৃষ্টির লক্ষ্যে যুব-যুবতীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষিত করতে হবে;<br>খ. ঋণ আদায়ে সর্বোচ্চ আন্তরিক হতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | **উপজেলা সমবায় বিভাগ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান, সমিতির নিবন্ধন, পরিদর্শন, প্রশিক্ষণ ও অডিটসহ অন্যান্য সকল কার্যক্রম ধারাবাহিকভাবে চলছে। | ক. সমবায় সমিতির নিবন্ধন, পরিদর্শন, প্রশিক্ষণ ও অডিট কার্যক্রম জোড়দার করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৩ | **উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ভিজিডি এর কার্যক্রম এবং ল্যাকটেটিং মাদার উপকারভোগী বাছাই কার্যক্রম চলমান আছে এবং তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ক. দাপ্তরিক সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে;<br>খ. চলমান প্রশিক্ষণে তদারকি করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৪ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকায় ভিত্তিক মাননীয় সংসদ সদস্য মহোদয়ের অনুকূলে ২৪,৭৮,৮৩৩/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দের অনুকূলে ১০টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। কাবিটা কর্মসূচির আওতায় ৩৭,৭৯,৪৬২/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত | ক. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের কাজের ধারাবাহিকতা এবং উন্নয়ন কাজের গুণগতমান অব্যাহত রাখতে হবে;<br>খ. যথাসময়ে ভিজিডি/ভিজিএফ এর চাল বিতরণ নিশ্চিত করতে হবে। | ১. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার<br>২. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>৩. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৪. চেয়ারম্যান, ইউপি (সকল) |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | বরাদ্দের অনুকূলে ০৬টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এছাড়া কাবিখা (চাল) ৯৭.৯৭২ মেট্রিক টন বরাদ্দেরঅনুকূলে ০৫টি প্রকল্প এবং কাবিখা (গম) ৭৯.৯৭২ মেট্রিক টন এর অনুকূলে ০৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br>তিনি আরও জানান, ২০২১-২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) সাধারণ কর্মসূচির আওতায় বরাদ্দকৃত ১৯,৫৮,০২১/- টাকার অনুকূলে ১৪টি প্রকল্প, কাবিটার বরাদ্দকৃত ৩৬,৭৭,৮১৩/- টাকা অনুকূলে ১০টি প্রকল্প, কাবিখা (চাল) এর বরাদ্দকৃত ৭৭.৮২১৪ মেট্রিক টন খাদ্য শষ্যের অনুকূলে ১১টি প্রকল্প এবং কাবিখা (গম) এর বরাদ্দকৃত ৭৭.৮২১৪ মেট্রিক টন খাদ্য শষ্যের অনুকূলে ১১টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ১৬ | **প্রাণিসম্পদ অধিদপ্তর**<br>ভেটেরিনারি সার্জন জানান, পি.পি.আর রোগ নির্মূল এবং ক্ষুরা রোগ নিয়ন্ত্রন প্রকল্পের আন্তায় এফ.এম.ডি টিকা প্রাপ্তি ও বিতরণ কার্যক্রম চলমান আছে। তার দাপ্তিরক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক. স্বাভাবিক কার্যক্রমের ধারাবাহিকতা অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ১৭ | **খাদ্য অধিদপ্তর:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, আমন ধান সংগ্রহ ২০২২ এর কার্যক্রম চলমান রয়েছে। খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ৩৩১.৯৮০ মে.টন চাল এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের ভিজিডি খাতের ৬০.৮৭০ মে.টন চাল বিতরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ক. আমন ধান সংগ্রহ ২০২২ কার্যক্রম সঠিকভাবে পরিচালকনা করতে হবে;<br>খ. দাপ্তরিক স্বাভাবিক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>৩. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা খাদ্য গুদাম |
| ১৮ | **বন বিভাগ:**<br>উপজেলা বন কর্মকর্তার জানান, নার্সারী তৈরির লক্ষ্যে মাটি এবং জৈব সার সংগ্রহ করা হচ্ছে। মেয়াদ উত্তীর্ণ বাগানের গাছ কর্তনের জন্য সুবিধাভোগীদের সাথে সরেজমিন আলোচনা করা হয়েছে। বসতবাড়ি বনায়নের লক্ষ্যে পরিপক্ক নারিকেল সংগ্রহ এবং চারা উত্তোলন কার্যক্রম চলমান। এছাড়া, অবৈধ করাত কল বন্ধের লক্ষ্যে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। এছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান। | ক. নার্সারিতে নিয়মিত গাছের পরিচর্যা করতে হবে;<br>খ. অবৈধ করাত কল বন্ধের লক্ষ্যে নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৯ | **আনসার ও ভিডিপি:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধ জানান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক স্বাভাবিক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২০ | **উপজেলা নির্বাচন অফিস**<br>উপজেলা নির্বাচন অফিসার সভায় জনান, ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০২১ এর ৪র্থ ধাপে বোরহানউদ্দিন উপজেলার ৭টি ইউনিয়নের (দেউলা, কাচিয়া, হাসাননগর, টবগী, পক্ষিয়া, বড়মানিকা এবং কুতুবা ইউপি) নির্বাচন অনুষ্ঠিত হবে। গত ১০ নভেম্বর ২০২১ তারিখ জেলা নির্বাচন কর্মকর্তা, ভোলা মহোদয় কর্তৃক (১) উপজেলা কৃষি অফিসার (দেউলা) (২) সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর | ক. নির্বাচন পূর্ববর্তী এবং পরবর্তী সময়ে উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানার দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. সহকারী কমিশনার (ভূমি)<br>৩. উপজেলা কৃষি অফিসার<br>৪. অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা<br>৫. সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর<br>৬. উপজেলা নির্বাচন |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | (বড়মানিকা, পক্ষিয়া, হাসাননগর) এবং (৩) উপজেলা নির্বাচন কর্মকর্তাকে (কাচিয়া, টবগী, কুতুবা) রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ প্রদান করে তফসিল ঘোষণা করেন। অবাদ, সুষ্ঠু, নিরপেক্ষা এবং গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | | কর্মকর্তা |
| ২১ | **বিবিধ**<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের অক্টোবর ২০২১ মাসের সম্মানিভাতা এবং ভ্রমন বিল সভায় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যানের সম্মানি ও বাড়ি ভাড়া বাবদ ৪৫,০০০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা, মহিলা ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা হারে অক্টোবর ২০২১ মাসের সম্মানিভাতা বাবদ মোট ৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা এবং উপজেলা পরিষদের চেয়ারম্যানের ১১,২৫০/- টাকা, ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা হারে অক্টোবর-২০২১ মাসের ভ্রমণ ভাতা বাবদ মোট ৩১,২৫০/- (একত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকাসহ সর্বমোট =১,৩০,২৫০/- (এক লক্ষ ত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকা সভায় অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>৪. মহিলা ভাইস চেয়ারম্যান<br>৫. উপজেলা প্রকৌশলী<br>৬. সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল) |
| | (খ) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, এ বছর জাতীয় যুব দিবস ২০২১ উদ্‌যাপন করতে সরকারি বরাদ্দের অতিরিক্ত ১২,০০০/- (বারো হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত অতিরিক্ত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব খাতের জাতীয় দিবস উদ্‌যাপন খাত হতে প্রদানের জন্য উপস্থাপন করা হয়। | (খ) জাতীয় যুব দিবস ২০২১ উদ্‌যাপন বাবদ অতিরিক্ত ১২,০০০/- (বারো হাজার) টাকা উপজেলা পরিষদের রাজস্ব খাতের জাতীয় দিবস উদ্‌যাপন খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (গ) ২৮ অক্টোবর ও ৩০ অক্টোবর ২য় ধাপে সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন একযোগে কোভিড-১৯ টিকা প্রদান কার্যক্রম উপলক্ষ্যে ০৯টি ইউনিয়ন পরিষদ ও বোরহানউদ্দিন পৌরসভায় ৩ দিনের ৩টি মাইকিং বাবদ (একদিনের অটোভাড়া ও শ্রমিক মজুরিসহ) (২৩০০×৩দিন×৩) =২০,৭০০/- (বিশ হাজার সাতশত) টাকা ব্যয় হয়। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাতের প্রাকৃতিক দুর্যোগ (কোভিড-১৯) খাত হতে প্রদানের লক্ষ্যে সভায় বিল ভাউচার অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | (গ) ২৮ অক্টোবর ও ৩০ অক্টোবর ২য় ধাপে সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন একযোগে কোভিড-১৯ টিকা প্রদান কার্যক্রম উপলক্ষ্যে ০৯টি ইউনিয়ন পরিষদ ও বোরহানউদ্দিন পৌরসভায় ৩ দিনের ৩টি মাইকিং বাবদ (অটোভাড়া ও শ্রমিক মজুরিসহ) ((২৩০০×৩দিন×৩)=২০,৭০০/- (বিশ হাজার সাতশত) টাকা উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাতের প্রাকৃতিক দুর্যোগ (কোভিড-১৯) খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের বাসবভনে সার্বিক নিরাপত্তায় নিয়োজিত ১৫ জন আনসার সদস্যদের নভেম্বর/২০২১ এর জ্বালানী খবর বাবদ ২টি গ্যাস সিলিন্ডার ক্রয় বাবদ (২×১২৫০)= ২,৫০০/- টাকা এবং ৫টি কম্বল ক্রয় বাবদ (৫×১,৪৫০)= ৭,২৫০/- টাকাসহ মোট (২,৫০০ + ৭,২৫০)=৯,৭৫০/- (নয় হাজার সাতশত পঞ্চাশ) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের বাসবভনে সার্বিক নিরাপত্তায় নিয়োজিত ১৫ জন আনসার সদস্যদের নভেম্বর/২০২১ এর জ্বালানী খবর বাবদ ২টি গ্যাস সিলিন্ডার ক্রয় বাবদ (২×১২৫০)= ২,৫০০/- টাকা এবং ৫টি কম্বল ক্রয় বাবদ (৫×১,৪৫০)= ৭,২৫০/- টাকাসহ মোট (২,৫০০ + ৭,২৫০)=৯,৭৫০/- (নয় হাজার সাতশত পঞ্চাশ) টাকার বিল উপজেলা রাজস্ব | |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | তহবিলের নিরাপত্তা খাত (আনসার) হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঙ) উপজেলা পরিষদের শহিদ মিনার চত্বর, বঙ্গবন্ধুর মুর‍্যালের আশ-পাশ, উপজেলা পরিষদ অডিটরিয়াম, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সামনে ও পেছনের অংশের আগাছা পরিস্কার পরিচ্ছন্নকরণের জন্য ৪৫০ টাকা হারে ৬ জন শ্রমিকের ৫ দিনে মোট (৪৫০ টাকা × ৬ জন × ৫ দিন) = ১৩,৫০০/- (তেরো হাজার পাঁচশত) টাকা শ্রমিক মজুরি দাখিল করেছেন। শ্রমিক মজুরি রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য উক্ত বিল সভায় উপস্থাপন করা হয়। | (ঙ) উপজেলা পরিষদের শহিদ মিনার চত্বর, বঙ্গবন্ধুর মুর‍্যালের আশ-পাশ, উপজেলা পরিষদ অডিটরিয়াম, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সামনে ও পেছনের অংশের আগাছা পরিস্কার পরিচ্ছন্নকরণের জন্য ৪৫০ টাকা হারে ৬ জন শ্রমিকের ৫ দিনে মোট (৪৫০ টাকা × ৬ জন × ৫ দিন) = ১৩,৫০০/- (তেরো হাজার পাঁচশত) টাকা উপজেলা রাজস্ব তহবিলের বর্জ্য ব্যভস্থাপনা/ পরিস্কার পরিচ্ছন্নতা খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (চ) সম্প্রসারিত উপজেলা কমপ্লেক্সের প্রশাসনিক ভবনে পুরাতন ভবন হতে সোলার প্যানেল স্থানান্তর বাবদ ৯,৮০০/- (নয় হাজার আটশত) টাকার বিল পরিশোধের জন্য বিল সভায় উপস্থাপন করা হয়। | (চ) সম্প্রসারিত উপজেলা কমপ্লেক্সের প্রশাসনিক ভবনে পুরাতন ভবন হতে সোলার প্যানেল স্থানান্তর বাবদ ৯,৮০০/- (নয় হাজার আটশত) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ছ) পুরাতন ভবন হতে সম্প্রসারিত উপজেলা কমপ্লেক্সের প্রশাসনিক ভবনে ক্লোজ সার্কিট ক্যামেরা (সিসি টিভি) স্থানান্তর, ৬-ক্যাট ক্যাবল ক্রয় এবং শ্রমিক মজুরি বাবদ ৩৭,৬৫০/- (সাইত্রিশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকার বিল পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। | (ছ) পুরাতন ভবন হতে সম্প্রসারিত উপজেলা কমপ্লেক্সের প্রশাসনিক ভবনে ক্লোজ সার্কিট ক্যামেরা (সিসি টিভি) স্থানান্তর, ৬-ক্যাট ক্যাবল ক্রয় এবং শ্রমিক মজুরি বাবদ ৩৭,৬৫০/- (সাইত্রিশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (জ) সহকারী প্রোগ্রামার জানান যে, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহারের জন্য একমাত্র ফটোকপিয়ারটি প্রায়ই নষ্ট থাকায় মেরামত বাবদ অনেক অর্থ ব্যয় হয়। নতুন একটি ফটোকপিয়ার ক্রয়ের বিষয়ে আলোচনা হয়। এছাড়া প্রিন্টার ও ইউপিএস-সহ নতুন একসেট কম্পিউটার উপজেলা পরিষদের TO&E-তে অন্তর্ভুক্ত অফিস সরঞ্জাম ক্রয় খাতের অর্থ দ্বারা কোটেশনের মাধ্যমে ক্রয় করার প্রস্তাব উপস্থাপন করেন। | (জ) উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহারের নতুন একটি ফটোকপিয়ার এবং প্রিন্টার ও ইউপিএস-সহ নতুন একসেট কম্পিউটার উপজেলা পরিষদের TO&E-তে অন্তর্ভুক্ত অফিস সরঞ্জাম ক্রয় খাতের অর্থ দ্বারা কোটেশনের (আরএফকিউ) মাধ্যমে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং-০৫.১০.০৯২১.০০০.০৬.০০২.২১- ৭৭৫ তারিখ: ৩০ নভেম্বর ২০২১ খ্রি.

**অনুলিপি সদয় অবগতির জন্য:**

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ভোলা-২।

২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. জেলা প্রশাসক, ভোলা।

৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।

৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।

৭. মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা, ভোলা।

৮. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।

৯. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।

১০. উপজেলা ........................................ কর্মকর্তা (সকল), বোরহানউদ্দিন, ভোলা।

১১. চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), বোরহানউদ্দিন, ভোলা।

১২. জনাব ........................................ সদস্য উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।

১৩. সংরক্ষণ নথি।

৩০/১১/২০২১

মো. সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।
☏ ০৪৯২২-৫৬১০৩
✉ unoborhanuddin@mopa.gov.bd